দৈনিক
ইনকিলাব

তারিখ 01 JAN 2015
পৃষ্ঠা - ২ কলাম - ৮

দৈনিক ইনকিলাব ৩

# ঢাবিতে সাদা দলের ভরাডুবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী-বাম সমর্থিত নীল দলের প্রার্থীদের নিরঙ্কুশ বিজয় হয়েছে। বিএনপি সমর্থিত সাদা দলের ভরাডুবি হয়েছে। নির্বাচনে মোট ১৫টি পদের সবগুলোই নীল দলের প্রার্থীরা পেয়েছেন। নির্বাচনে মোট ১ হাজার ৯৩২জন প্রার্থী ছিলেন। নির্বাচন পরিচালনার দায়িত্বে থাকা অধ্যাপক ড. শফিক উজ্ জামান নির্বাচন শেষে বিকালে এই ফলাফল ঘোষণা করেন। গতকাল বুধবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাবে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে নির্বাচিতরা হলেন, সভাপতি পদে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক পদে আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সহ-সভাপতি পদে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগের অধ্যাপক ড. হাসিবুর রশিদ, যুগ্ম সম্পাদক পদে রসায়ন বিভাগের অধ্যাপক আফতাব আলী শেখ, ট্রেজারার পদে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. শিবলী রুবাইয়াতুল ইসলাম। এছাড়া ১০ জন সদস্য পদে জয়ীরা হলেন, সমিতির প্রাক্তন সাধারণ সম্পাদক কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক সাবিতা রিজওয়ানা রহমান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. তাজিন আজিজ চৌধুরী, ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছামাদ, ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়াউর রহামান, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মুবিনা খন্দকার, আইন বিভাগের অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ ও বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর।